

আসিফ নজরুলকে হেনস্তার প্রতিবাদ ঢাবি সাদা দলের

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রকাশিত: ১৬:৪৮, ৯ নভেম্বর ২০২৪



সুইজারল্যান্ডে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুলকে হেনস্তার প্রতিবাদ ও তীব্র নিন্দা জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) সাদা দল। শনিবার সাদা দলের ভারপ্রাপ্ত আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান অধ্যাপক ড. আবদুস সালাম স্বাক্ষরিত এক বিবৃতিতে সাদা তথ্য জানিয়েছে।

UNIBOTS

বিবৃতিতে তারা বলেন, অন্তর্বর্তীকালীন সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদ্যালয় আই বিভাগের অধ্যাপক ড. আসিফ নজরুলের সাম্প্রতিক রাষ্ট্রীয় সফরের সময় সুইজারল্যান্ডে জেনেভা এয়ারপোর্টে আওয়ামী লীগ দলীয় কতিপয় দুর্বৃত্ত তাঁর সঙ্গে যে ন্যাকারজনক ঔদ্ধত্যপূর্ণ আচরণ করে তাতে আমরা ক্ষোভ ও গভীর উদ্বেগ প্রকাশ করছি।

তারা বলেন, বাংলাদেশ সরকারের একজন উপদেষ্টার সঙ্গে বিদেশে এমন আচরণ শু শিষ্টাচারবিরোধী নয়, বরং এটি আমাদের জাতীয় মর্যাদার প্রতি অবজ্ঞা এবং বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের প্রতিও চরম অবমাননার শামিল। আমরা এ ঘটনার তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাচ্ছি। আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, ছাত্র-জনতার প্রবল গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত স্বৈরাচারী ও ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের দোসরা দেশ-দেশের বাইরে থেকে বর্তমান সরকার ও বাংলাদেশের বিরুদ্ধে নানা রকম ষড়যন্ত্রমূলক অপতৎপরতা চালিয়ে যাচ্ছে। বিদেশে পলাতক ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী ফ্যাসিস্ট ও গণহত্যাকারী শেখ হাসিনা প্রতিনিয়ত তার দলীয় নেতা-কর্মী এবং সন্ত্রাসীদের সরকার ও দেশের বিরুদ্ধে নানাভাবে উস্কানি দিচ্ছে। এর ফলে জেনেভা এয়ারপোর্টে দুর্বৃত্তরা অধ্যাপক ড. আসিফ নজরুলকে হেনস্তার দুঃসাহস দেখিয়েছে বলে আমরা মনে করি।

আমরা এ অবস্থার পুনরাবৃত্তি দেখতে চাই না। তাই বাংলাদেশের বিরুদ্ধে পতিত স্বৈরাচারে সকল ষড়যন্ত্র প্রতিহত করা, জাতীয় মর্যাদা সমুন্নত রাখা এবং এ ধরনের অপকর্মের পুনরাবৃত্তি রোধে সংশ্লিষ্ট সকলকে সজাগ থেকে কার্যকর ভূমিকা রাখার জন্য আহ্বান রাখছি। একই সঙ্গে এই ঘটনার সঙ্গে জড়িতদের অবিলম্বে চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের কাছে জোর দাবি জানাচ্ছি।